অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আমেরিকা কম্পিটস অ্যাক্ট পাশ হওয়া নিয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আমি আমেরিকা প্রযুক্তি, শিক্ষা ও বিজ্ঞানে শ্রেষ্ঠত্ব অর্থপূর্ণভাবে প্রচার করার সুযোগ সৃষ্টি (Creating Opportunities to Meaningfully Promote Excellence in Technology, Education, and Science, COMPETES) অ্যাক্ট পাশ করার জন্য রিপ্রেজেন্টেটিভ হাউজের প্রশংসা করছি, যার মধ্যে রয়েছে আঞ্চলিক মাইক্রোচিপ শিল্প বিস্তৃত করতে এবং যুক্তরাষ্ট্রকে সরবরাহ চেইন সমস্যা এবং বৈশ্বিক চিপ ঘাটতি মেটানোর সাথে অর্থনৈতিক শীর্ষতা ফিরে পেতে সাহায্য করার জন্য 52 বিলিয়ন মার্কিন ডলারের সেমিকন্ডাক্টর উৎপাদনে সাহায্যকারী প্রণোদনা সৃষ্টি (Creating Helpful Incentives to Produce Semiconductors, CHIPS) অ্যাক্ট। নিউ ইয়র্ক অনেক বছর ধরে এই বর্ধিষ্ণু শিল্পে বিনিয়োগ করে আসছে, এবং আমরা এই মুহূর্তের চাহিদা মেটাতে এবং এই ক্ষেত্রে কর্মসংস্থান সৃষ্টি অব্যাহত রাখার জন্য প্রস্তুত। আমি সম্প্রতি সিনেটর শুমার, ডেপুটি বাণিজ্য সচিব (Deputy Secretary of Commerce) ডন গ্রেভস এবং অ্যালবানিতে শিল্পের নেতৃবৃন্দের সাথে দেখা করেছি এবং হাউজকে এই অ্যাক্টের ব্যাপারে তাগাদা দিয়েছি, এবং নতুন জাতীয় সেমিকন্ডাক্টর প্রযুক্তি কেন্দ্রের (National Semiconductor Technology Center) সেরা অবস্থান হিসেবে অ্যালবানির ন্যানোটেক কমপ্লেক্সকে (Albany Nanotech Complex) দেখিয়েছি। আমি প্রেসিডেন্ট বাইডেনের সাথে যোগ দিয়ে হাউজ ও সিনেটকে এই অতি গুরুত্বপূর্ণ বিধিমালার ব্যাপারে চূড়ান্ত সম্মতিতে পৌঁছাতে তাগিদ দিচ্ছি যাতে করে এটিকে আইন হিসেবে স্বাক্ষর এবং দেশের উদ্ভাবনী অর্থনীতিকে চালিত করা অব্যাহত রাখতে নিউ ইয়র্ককে সাহায্য করা যায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন